

### শোলক

লৌকিক আচরণগুলো কি রকম দেয়াল তুলে রাখে  
সাজাতে গেলেই ভেঙে পড়ে বৈতালি ঘোর  
চূর্ণ করে দিয়ে যায় আরোপিত সব সুখ ভোর --  
মুখোশের আড়াল শুধু নিয়তির ছায়া দিয়ে ঢাকে।

কালিগোলা অন্ধকারে ডুবে যায় অষ্টাদশী চাঁদ  
অলাতচত্রের মতো জ্বলে ওঠে নিয়তির চোখ  
রাত্রির বাতাসে ছড়িয়ে দিয়ে অতর্কিত শোক  
পরম প্রভু শোনে বৃক্ষের তিত্ত আর্তনাদ।

আর্ধারে ডুবে গেছে মধ্যরাতে খসে পড়া নামহীন তারা  
সকল শোলক সে রেখে গেছে স্বজনের কাছে-  
যেন একদিন ভাঙায় কেউ দুর্বোধ্য শোলকের মাঝে  
কিভাবে হারিয়ে যায় স্বপ্নময় চোখ, মন্ত জলধারা ॥

শাহানা আকতার মত্বয়া

